

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮২১

খোয়াই, ৯ ফেব্রুয়ারি, ২০২৪

মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কৈশোর অভিযান ৬.০
খোয়াই জেলাভিত্তিক কর্মসূচির সূচনা

খোয়াই জেলা হাসপাতালে গতকাল খোয়াই জেলাভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কৈশোর অভিযান ৬.০ কর্মসূচির সূচনা হয়েছে। খোয়াই জিলা পরিষদের সহকারি সভাপতি হরিশংকর পাল এই অভিযান কর্মসূচির উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁদনি চন্দ্রন, জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা আধিকারিক সুজিত দাস, জেলার টিকাকরণ আধিকারিক ডা. বিক্রম দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. নির্মল সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা হাসপাতালের সুপার ডা. মৃদুল দাস। উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিগণ ৮ জন শিশুকে কুমিনাশক ট্যাবলেট খাইয়ে দেন।
